# ত্রয়োদশ জাতীয় নির্বাচন দেশের ইতিহাসে সবচেয়ে ঝুঁকিপূর্ণ: নির্বাচন কমিশনার




সংগৃহীত ছবি

নির্বাচন কমিশনার আনোয়ারুল ইসলাম সরকার বলেছেন, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে ঝুঁকিপূর্ণ হতে যাচ্ছে। শুক্রবার (২৯ আগস্ট) রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউটে এক অনুষ্ঠানে তিনি এই মন্তব্য করেন।

ইসি আনোয়ারুল ইসলাম নির্বাচনী কর্মকর্তাদের উদ্দেশে বলেন, "ঘরে ফেরার আর কোনো পথ খোলা নেই।" তিনি হুঁশিয়ারি দিয়ে বলেন, যদি সুষ্ঠু নির্বাচন না হয়, তবে এর দায় শুধু নির্বাচন কমিশন নয়, নির্বাচনী কর্মকর্তাদেরও বহন করতে হবে। জীবনের ঝুঁকি থাকলেও নির্বাচনে কোনো ধরনের অনিয়ম বা ফাঁকিবাজি বরদাশত করা হবে না বলে তিনি জোর দিয়ে জানান।

LENS ASIA

তিনি আরও বলেন, এই মুহূর্তে নির্বাচন কমিশনের সামনে সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো আসন্ন জাতীয় নির্বাচন। তার মতে, সব ধরনের প্রতিকূলতা কাটিয়ে একটি সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন আয়োজন করা ছাড়া আর কোনো বিকল্প নেই।

একই অনুষ্ঠানে অপর নির্বাচন কমিশনার আবুল ফজল মো. সানাউল্লাহ বলেন, এবারের নির্বাচনে প্রত্যাশার চেয়েও বেশি ভোটারের উপস্থিতি থাকতে পারে। তিনি জানান, প্রবাসী বাংলাদেশিরাও অত্যন্ত উৎসাহের সঙ্গে ভোট দেওয়ার অপেক্ষায় আছেন।

অন্য কমিশনাররাও বলেন, এবারের নির্বাচনে কোনো ধরনের অনিয়ম বা অব্যবস্থাপনার সুযোগ নেই। একইসঙ্গে তারা নির্বাচনের খরচ কমানোর জন্য কৃচ্ছ্রসাধনের পরিবর্তে মিতব্যয়ী হওয়ার পরামর্শ দেন।